

**একই স্মারক নম্বরে ও তারিখের স্থলাভিষিক্ত হবে;**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন অনুবিভাগ

৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১১

তারিখ: ০১.০৩.২০২০ খ্রি:

**প্রজ্ঞাপন**


জেলা পর্যায়ে করোনাভাইরাস (COVID-19) এর সংক্রমণ ও প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

(১) জেলা প্রশাসক	- সভাপতি
(২) পুলিশ সুপার	- সদস্য
(৩) যুগ্ম পরিচালক/উপপরিচালক, এনএসআই	-সদস্য
(৪) পরিচালক/তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/সদর হাসপাতাল	- সদস্য
(৫) চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ	- সদস্য
(৬) মেয়র, সদর পৌরসভা	- সদস্য
(৭) জেলা প্রাণিসম্পদ অফিসার	- সদস্য
(৮) জেলা তথ্য অফিসার	-সদস্য
(৯) উপপরিচালক, পরিবার পরিবর্তন	- সদস্য
(১০) জেলা শিক্ষা অফিসার	- সদস্য
(১১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	-সদস্য
(১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার	-সদস্য
(১৩) উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর	-সদস্য
(১৪) সিভিল সার্জন	- সদস্য সচিব

২। স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং জেলা পরিষদের চেয়ারম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

**কমিটির কার্যপরিধি:**

- (১) এ কমিটি করোনাভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;
- (২) করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেন্টাইনসহ প্রয়োজনীয় আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- (৩) করোনাভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;
- (৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (৫) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

  
(মোঃ হাবিবুর রহমান খান)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
ফোনঃ ৯৫৪০২৮২